বিভিন্ন ধরনের শ্রেণীবদ্ধ ও
অন্যান্য বিজ্ঞাপন দিতে
যোগাযোগ নং:
৯০৬২৮৬৭৯২১ অথবা
৯৮৩৬৭৫৩৬৬১ (WHATSAPP)

দৈনিক
# এই যুগ
EI YUG

EiYUG PUBLICATION

EI YUG | DAILY | HOWRAH | VOLUME-1 | 28 AUGUST 2023 , MONDAY ( সোমবার ) | ISSUE-14 | PRICE: 2/-

## ভারতীয় টি ওয়ার্কার্স ইউনিয়ন এর ব্লক সম্মেলন




সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার : বিজেপির চা শ্রমিক সংগঠন ভারতীয় টি ওয়ার্কার্স ইউনিয়ন এর ষষ্ঠ বার্ষিক কালচিনি ব্লক সম্মেলন অনুষ্ঠিত রবিবার। কালচিনিতে অনুষ্ঠিত এই সম্মেলনে উপস্থিত ছিলেন কালচিনির বিজেপি বিধায়ক বিশাল লামা সহ সংগঠনের নেতৃত্ব। এদিনের সম্মেলনে চা শ্রমিকদের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা হয়। সমস্যাগুলি সমাধানে কেন্দ্রীয় সরকার যেসব ব্যবস্থা গ্রহন করেছে সে বিষয়ে শ্রমিকদের অবগত করান বিধায়ক।

## পড়ুন ও পড়ান দৈনিক বাংলা সংবাদপত্র এই যুগ

জনগনের আশীর্বাদে ১ সপ্তাহ পার দৈনিক এ

# এই যুগ

EI YUG NEWSPAPER



WEBSITE: EIYUG.IN

কর্নধার ও সম্পাদক - সুরজিৎ মালিক

## জেলার কথা

# সিপিআইএম এর মিছিলে ঢুকে পড়লো গাড়ি




শুভাশীষ দত্ত ,এই যুগ , হাওড়া : আগামী ৩১ শে আগস্ট বামফ্রন্টের খাদ্য আন্দোলনের শহীদ দিবসকে সামনে রেখে ধর্মতলায় যে সম্মেলনের আয়োজন করা হয়েছে , সেই সম্মেলনকে সফল করতে রবিবার সকালে মধ্য হাওড়া সিপিআইএম এরিয়া কমিটির ডাকে এক মিছিলের আয়োজন করা হয়। সেই মিছিল চলাকালীন হাওড়া ময়দানে বঙ্গবাসীর সামনে একটি গাড়ি ঢুকে পড়ায় মিছিল ছত্রভঙ্গ হয়ে যায়। এরপরই ওই মিছিলের থাকা মহিলা সমর্থক থেকে শুরু করে সিপিএম কর্মীরা ওই গাড়ির উপর চড়াও হয়। মহিলা কর্মীরা ক্ষোভে ফেটে পড়েন। তাঁদের অভিযোগ , ইচ্ছাকৃতভাবে ওই গাড়িটিকে মিছিলের মধ্যি খানে জোর করে ঢুকিয়ে দেওয়া হয়েছে। প্রায় সঙ্গে সঙ্গে ছুটে আসেন সিপিএমের সিনিয়র নেতারা। পরিস্থিতি যাতে নাগালের বাইরে না চলে যায় তারা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। গাড়িটিকে সরিয়ে দেওয়া হয়। এরপরে আবার মিছিল শুরু হয়।

এই যুগ

এই যুগ সংবাদপত্রের জন্য বিভিন্ন জেলায় প্রতিনিধি ও অভিজ্ঞতা সম্পন্ন মার্কেটিং কর্মী চাই। ইচ্ছুক থাকলে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ ।

# বৃষ্টিকে উপেক্ষা করে উপ নির্বাচনী প্রচারে নিশীথ প্রামাণিক



আবির ভট্টাচার্য ,এই যুগ , জলপাইগুড়ি : প্রবল বৃষ্টির মধ্যে ধূপগুড়ি বিধানসভা উপ নির্বাচনে প্রচার করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক। রবিবার বিকেল থেকেই বিজেপির কর্মী সমর্থকদের মধ্যে তরুণ তুর্কি নিশীথ প্রামাণিক কে দেখার জন্য ভিড় ছিল চোখে পড়ার মত। ধুপগুড়ি বিধানসভা উপনির্বাচনের প্রার্থী তাপসী রায়ের হয়ে প্রচারে এদিন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক ছাড়াও উপস্থিত ছিলেন রাজু বিস্তা , জলপাইগুড়ি জেলা বিজেপির সভাপতি বাপি গোস্বামী , বিজেপি নেতা কমলেশ সিংহ রায় সহ একাধিক বিজেপি নেতৃত্ব এবং প্রার্থী তাপসী রায়। এদিন প্রবল বৃষ্টির মধ্যে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী তথা কোচবিহারের বিজেপি সাংসদ নিশীথ প্রামাণিক কে ছাতা হাতে ভোট প্রচার করতে দেখা যায় পুরো ডাউকিমারী এলাকা জুড়ে। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক বলেন , দীর্ঘদিন ধরে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সাধারণ মানুষের উপর শোষণ করে চলেছে। রাস্তাঘাট থেকে শুরু করে স্বাস্থ্য ব্যবস্থা র কোনরকম উন্নতি করতে পারেনি তৃণমূল সরকার। কেন্দ্রীয় মন্ত্রী নিশীথ প্রামাণিক আরো বলেন , ধূপগুড়ি থেকে বিপুলসংখ্যক ভোটে ভারতীয় জনতা পার্টি জয়যুক্ত হবেন বলে তিনি উল্লেখ করেন।

# সংকোশ নদীর জলে প্লাবিত বিত্তিবাড়ি গ্রাম ঘুরে দেখলেন সভাপতি



সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার :কয়েকদিনের লাগাতার বৃষ্টিতে সংকোশ নদীর জল পাড় ছাপিয়ে প্লাবিত করেছে কুমারগ্রাম ব্লকের বিত্তিবাড়ি গ্রাম। অসম বাংলা সীমানায় অবস্থিত এই গ্রামের প্রতিটি বাড়ি কয়েকদিন ধরে জল মগ্ন। সংকোশ নদীর ভাঙ্গনে কয়েকটি বাড়ি নদীগর্ভে তলিয়ে যাবার আশংকা দেখা দিয়েছে। প্লাবিত এলাকায় ঘুরে কুমারগ্রাম পঞ্চায়েত সমিতির সভাপতি জুলি লামা বন্যার্তদের সাথে কথা বলেন। তিনি জানান ব্লক প্রশাসনের উদ্যোগে প্লাবিত এলাকায় ত্রান সামগ্রী বিতরনের ব্যবস্থা করা হয়েছে।

# মালগাড়ি থেকে উদ্ধার মৃতদেহ



শুভাশীষ দত্ত ,এই যুগ , হাওড়া : রবিবার সকাল বেলা সাতটা নাগাদ ভট্টনগর রেল স্টেশনে একটি খালি মাল গাড়ি আসে বর্ধমানের ওদিক থেকে যখন ভট্টনগর সেশনে মালগাড়িটি আসে তখন রেল পুলিশ। মালগাড়িটি চেকিং এর জন্য। তারা চেকিং করতে থাকে চেকিং করার সময় মালগাড়িতে একটি আট বছরের ছেলের মৃতদেহ উদ্ধার করে খবর দেওয়া হয় লিলুয়া থানায় তারপর পুলিশ দেহটিকে কোনা হাসপাতালে নিয়ে আসে এখানে নিয়ে আসার পর ডাক্তার বাবুরা দেহটিকে মৃত বলে ঘোষণা করেন। পুলিশ সূত্রে জানা যায় মৃত দেহটি যেই বাচ্চা টির তার নাম আহিদ শেখ বয়স আট বছর বাবার নাম আলী হোসেন শেখ মার নাম আসমানী শেখ ছেলেটির বাড়ি কুকরি মালি প্রতাপ দিঘীরপাড় থানা চাপড়া জেলা নদীয়া।পুলিশ জিআরপি সূত্রে জানতে পেরেছে বর্ধমানের আগের স্টেশন তালিত সেই স্টেশনের ফুল ব্রিজ থেকে বাচ্চাটিকে চলন্ত মালগাড়ির মধ্যে ফেলে দেওয়া হয় স্থানীয় মানুষরা মালগাড়িটিকে দাঁড় করানোর চেষ্টা করলে কিন্তু মালগাড়ি থামেনি সোজা বেরিয়ে এসছে ভট্টনগর রেলস্টেশনে বলে জানা যায়। লিলুয়া থানার পুলিশ চাপড়া থানায় যোগাযোগ করছে তার বাড়ির লোককে খবর দেওয়ার জন্য এবং বিষয়টি তদন্ত শুরু করেছে লিলুয়া থানার পুলিশ।

# গ্রেফতার টোটো ও বাইক চুরির মূল দুই পান্ডা ,উদ্ধার টোটো ও বাইক



হাসানুজ্জামান ,এই যুগ ,উওর ২৪ পরগনা : উত্তর ২৪ পরগনা জেলার বসিরহাট পুলিশ জেলার বিভিন্ন থানায় এলাকায় বাসন্তী হাইওয়ে টাকি ও ইটিন্ডা রোড জনবহুল এলাকা থেকে অত্যাধুনিক মেশিন খাটিয়ে টোটো ও বাইক চুরি হচ্ছিল। এই নিয়ে পুলিশের খাতায় অভিযোগ আসছিল দীর্ঘদিন ধরে। এমনকি রাতের অন্ধকারের টোটো ও বাইক চালকদের মারধর করে দুষ্কৃতীরা ছিনতাই করে পালাতো।এর থেকে যন্ত্র খুলে বিভিন্নভাবে খোলা বাজারে বিক্রি করতো। এই অভিযোগ আসছিল বেশ কয়েক মাস ধরে। মাটিয়া থানার পুলিশ আধিকারিক তাপস ঘোষের নেতৃত্বে পুলিশের একটি বিশেষ টিম তৈরি করা হয়। গাড়ি পাচার চক্র ধরতে তৎপর হয় পুলিশ। শনিবার রাত্রিবেলা হাতেনাতে আলমগীর ওস্তাগিন হাসনাবাদ থানার সিরাজপুরে বাড়ি , তৈবর মিস্ত্রি মিনাখাঁ থানার ধুতুরদহ গ্রামে বাড়ি এই দুজনকে গ্রেফতার করে পুলিশ এদের জেরা করে চিন্তাই আমার দুটি টোটো ও একটি বাইক উদ্ধার করেছে পুলিশ । চুরি হওয়া টোটো বাইক উপযুক্ত নথিপত্র দেখে তাদের মালিক হাতে তুলে দিয়েছে মাটিয়া থানার পুলিশ। ধৃত দুজনকে বসিরহাট মহকুমা আদালতে তোলা হয়েছে , এদের পুলিশের হেফাজতে নেয়ার আবেদন জানিয়েছে আদালতের কাছে মাটিয়া থানার পুলিশ।

কাগজের নৌকা

28 AUGUST 2023 , সোমবার

## মোবাইল বাবু

মোঃ দিদারুল ইসলাম
( নারায়ণগঞ্জ , বাংলাদেশ )

তুই যে আমার যাদু ময়না
বুকে আগলে রাখি ,
তুই বিহনে জীবন অচল
ওরে সোনা পাখি।
তোর শূন্যতায় নিত্য আমার
সবই অসাড় লাগে ,
তোর ছোঁয়াতে অলিক ফূর্তি
হৃদয় জুড়ে জাগে।
মা ও বাবা নিত্য ঝারে
তোরই সঙ্গে খেললে ,
আমি অধম মজে থাকি
নিদ্রা আহার ফেলে।
পড়ালেখায় মন বসে না
তোর নেশাতে কাবু ,
বন্ধু নামের শত্রু আমার
হে মোবাইল বাবু।।

## এমন দিনে ঘরেই থাকি

সাঈদুর রহমান লিটন
( ফরিদপুর , বাংলাদেশ )

বৃষ্টি পড়ে মাথার ছাতায়
ছাতা দেখি সবার মাথায়
দেখলে লাগে ভালো
বৃষ্টি গেলে সূর্য ওঠে
ছড়িয়ে দেয় আলো।
গাছের ডালে ভিজছে পাখি
বৃষ্টি ভিজে করুণ আখি
ভিজছে পাখির ডানা
বাইরে যেতে খোকা বাবুর
মা করেছে মানা।
নদীর কুলে কাশের ফুলে
বৃষ্টি এলে হেলেদুলে
কী দারুণ যে লাগে
বৃষ্টি ভিজে গোসল করতে
ইচ্ছে খুবই জাগে।
এমন দিনে ঘরেই থাকি
মন চলে যায় বাইরে
বাইরে গেলে মায়ে রাগে
স্বাধীনতা নাইরে।।

## কথাবার্তা

অজিত কুমার জানা
( হাওড়া , পশ্চিমবঙ্গ )

বর্ষা কাঁদে অঝোর ধারায় ,
ছুটির ঘন্টা শুনে।
চায় না যেতে প্রকৃতি ছেড়ে ,
বিষাদ জাগে মনে।।
মাঠের মায়া , চাষের মায়া ,
মায়ায় ভরা সংসার।
গালে হাত দিয়ে বসে ,
বর্ষা কাঁদে বারবার।।
শরৎ এসে ঘরে বসে ,
মনটা কেমন করে।
শিউলি গাছ চোখ বুজিয়ে ,
দাঁড়িয়ে পুকুর ধারে।।
নীল আকাশকে লুকিয়ে রাখে ,
বর্ষা মেঘের কোলে।
সবুজ শাড়ি পরে প্রকৃতি ,
শরৎ দোলায় দোলে।।
বর্ষা বলে-ওরে শরৎ ,
আয়না আমার কাছে।
দুই বোনেতে দুলি মোরা ,
ওই শিউলি গাছে।।
শরৎ বলে-তুই থাকলে ,
সবাই পাবে কষ্ট।
শারদ উৎসব পন্ড হবে ,
পরিকল্পনা হবে নষ্ট।।

## শরতের আয়োজন

সরোয়ার রানা
( চট্টগ্রাম , বাংলাদেশ )

ভাদ্রের শুরুতেই
ব্যস্ততা ভারী
কৃষকেরা ঘুম থেকে
উঠে তাড়াতাড়ি।
ধানক্ষেতে পাখিদের
বসে যায় মেলা
ফিঙ্গের নাচানাচি
চলে সারাবেলা।
কাদা জলে ছেলেদের
চলে ফুটবল
বৃষ্টিতে লাফালাফি
করে এক দল।
মাটির ঐ গন্ধটা
লাগে বড় ভালো
শরতের আয়োজন
বড় জমকালো।
মেঘ আর সূর্যের
লুকোচুরি খেলা
রংধনু রং দেখে
কেটে যায় বেলা।।

## হাতে লেখা চিঠি

মোঃ জাবেদুল ইসলাম
( লালমনিরহাট , বাংলাদেশ )

বছর কয়েক আগের কথা ,
তোমরা সবাই শোনো।
সেই সময়ে লেখা পড়া ,
জানতো না কেউ অনেক।
দুর দুরান্তর জায়গায় যারা ,
থাকতো বেশি দিন।
তাদের খবর জানতে কেবল ,
আসতো না চোখে নিন।
গ্রামের লোকেরা আসতো যখন ,
মায়ের কাছে সবাই।
বলতো যেনো মাকে আদর করে ,
ওগো বউ মা একটা আমায় ,
ভালো করে চিঠি লিখে দাও পাঠাই।
অনেক দিন গত হয়ে গেল যেন ,
ছেলের খবর নাই।
ছেলের খবর না পেয়ে আমি ,
শুধু একা একা ছটপটাই।
মা তখন সাদা কাগজে লিখে চিঠি ,
সাবলীল সহজ সরল ভাষায়।
এমন চিঠি এ যুগে আর কেউ ,
লিখে না আর খাসায়।
কয়দিন পরে আবার যখন ,
চিঠির প্রতিত্তোর আসে।
সুখবর আছে লেখা , খুশিতে ,
মায়ের মন আপ্লুত হয়ে হাসে।।

## অর্থ আছে যার

মোছাঃ সীমা ইসলাম

অসহায় ও গরীব মানুষ
কষ্টে মরে ভাই
এই সমাজে তাদের দুঃখ
দেখার কেহ নাই
চোখের জলে দুখের স্রোতে
বয়ে চলে ঢেউ।
শত কষ্ট মনের ভিতর
বুঝে না তো কেউ।
ধণী লোকের পাশে গিয়ে
সবাই মারে তেল ,
গরীব দুখীর কাছে গিয়ে
দেখাই শুধু খেল।
ধণী লোকে পাপ করেও
ক্ষমা পেয়ে যায় ,
টাকার জোড়ে সর্বক্ষেত্রে
প্রধান আসন পায়।
ব্যবহারটা হোক না খারাপ
স্বজন বেশি তার।
কদর বেশি এই সমাজে
অর্থ আছে যার।।

**কাগজের নৌকা**

আমাদের লেখা পাঠানোর ঠিকানা- EIYUGKAGOJERNOUKA@GMAIL.COM

## বর্বরতা

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর ,পশ্চিমবঙ্গ )

মধ্যযুগীয় বর্বরতার লেলিহান শিখা ,
চারিদিকে যেন হঠাৎ করে ডানা বেঁধেছে ,
সু-সভ্যতার এই যুগেও ,
আবার তার যে ছোঁয়া লেগেছে।
কত সভ্যতা এসেছে , আবার মিলেও গিয়েছে ,
ইতিহাসের পাতা যেন , তার সাক্ষ্য হয়েই রয়েছে।
আনাচে-কানাচে , সব কিছু যেন রয়েছে গাঁথা ,
এ যেন মানুষ আর পশুতে , ভেদাভেদ হয়নি হেথা ,
মনের কোনেতে সব যেন , রয়েছে আজ বাঁধা।
মানুষ যেন আজ , পাপের পশরা নিয়ে বসেছে ,
শয়তানের উদ্যানে যেন , পাপের ফুল ফুটেই চলেছে।
সব খোলা দরজা যেন বন্ধ হয়ে গেছে ,
হঠাৎ করে যেন রঙিন আলোর ছটা ,
কোথায় যেন মিলিয়ে গেছে।
এখন সময় অতিমারী ,
তবুও আমরা সাহসী কান্ডারী ,
কবে যে কাটবে এই মহামারী ,
জানে শুধু ওই আভারী।
চারিদিকে যেন জ্বলে উঠেছে ,
আগুনের লেলিহান শিখা ,
বারুদের গন্ধে ক্রমাগত যেন , বিশ্ববাতাস ভরেই চলেছে ,
নর-পিশাচের ক্ষুধা যে , আবার জেগে উঠেছে ,
বর্বরতার বিশৃঙ্খলতা যেন ,
চারিদিকে বেড়েই চলেছে।।

6 YEAR

এই যুগ সংবাদপত্রের জন্য জেলা ভিত্তিক প্রতিনিধি চাই। ইচ্ছুক থাকলে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১

EiYUG PUBLICATION

BANKRA DAKSHIN PALLY , PO-BANKRA ,PS-DOMJUR , DISTRICT-HOWRAH,PIN-711403 , STATE-WEST BENGAL , CONTACT NO - 9062867921 / 9836753661 , EMAIL - EIYUGPUBLICATION@GMAIL.COM

EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY EIYUG PUBLICATION FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S - DOMJUR ,DISTRICT -HOWRAH , PIN -711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY EIYUG PUBLICATION AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE " ,BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA ,P.S-DOMJUR , STATE - WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO -9062867921 ,9836753661 । EMAIL-EIYUGNEWSPAPER@GMAIL.COM ।